

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭৫

٩. यन गलाता त्र्यिष्ठ छेलात भाला (كَتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ সূরা ফাতিহা ও সূরা বাকারার শেষাংশ পাঠে যা চাওয়া হবে, তা প্রদান করা হবে

ذكر البيان بأن قارىء فَاتِحَةِ الْكِتَابِ وَآخِرِ سُورَةِ الْبَقَرَةِ يُعْطَى مَا يَسْأَلُ فِي قِرَاءَتِهِ

## আরবী

775 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّقَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ هِشَامٍ عَنْ عَمَّارِ بْنُ رُزَيْقٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عيسى عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: بَيْنَمَا جِبْرِيلُ جَالِسٌ عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ سَمِعَ نَقِيضًا مِنْ فَوْقِهِ فَرَفَعَ رَأْسَهُ وَقَالَ: (لَقَدْ فَتَحَ بَابٌ مِنَ السَّمَاءِ مَا فُتِحَ قَطُّ فَأَتَاهُ مَلَكٌ فَقَالَ لَهُ: أَبْشِرْ بِسُورَتَيْنِ أُوتِيتَهُمَا لَمْ يُعْطَهُمَا نَبِيٌ كَانَ قَبْلَكَ: فَاتِحَةِ الْكِتَابِ وَخَوَاتِيمٍ سُورَةِ الْبَقَرَةِ لَنْ تَقْرَأً مِنْهَا حَرْفًا إِلَّا أُعطيته) نَبِيُّ كَانَ قَبْلَكَ: فَاتِحَةِ الْكِتَابِ وَخَوَاتِيمٍ سُورَةِ الْبَقَرَةِ لَنْ تَقْرَأً مِنْهَا حَرْفًا إِلَّا أُعطيته) الراوي: ابْن عَبَّاسٍ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 775 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৭৭৫. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার জিবরীল আলাইহিস সালাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে বসে ছিলেন, এমন সময় তিনি উপরে বিকট আওয়াজ শুনতে পান ফলে তিনি মাথা উত্তোলন করেন এবং বলেন, "এক্ষুণি আসমানের একটি দরজা খোলা হলো, যা ইতিপূর্বে কখনো খোলা হয়নি।" অতঃপর তাঁর কাছে একজন ফেরেস্তা আসেন এবং বলেন, "আপনি দুইটি সূরার শুভ সংবাদ গ্রহণ করুন যা আপনাকে প্রদান করা হয়েছে, আপনার পূর্বে আর কোন নাবীকেই তা প্রদান করা হয়নি: সূরা ফাতিহা ও সূরা বাকারার শেষাংশ। এর একটি বাক্য পড়লেই (সেই বাক্যের মাধ্যমে যা চাওয়া হবে তা) আপনাকে তা প্রদান করা হবে।"[1]

## ফুটনোট

[1] হাকিম, আল মুসতাদরাক: ১/৫৫৮; সহীহ মুসলিম: ৮০৬; নাসাঈ: ২/১৩৮; তাবারানী, আল কাবীর: ১২২৫৫;



বাগাবী, শারহুস সুন্নাহ: ১২০০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তা'লীকাতুল হিসান: ৭৭৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন